



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি, আগারগাঁও,
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

নম্বর: ৪৩.২৫.০০০০.০০৬.০২.০০২.১৮.২৫

তারিখ: ৫ কার্তিক ১৪২৭

২১ অক্টোবর ২০২০

অফিস আদেশ

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অধীন বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার কর্তৃক অনলাইনে ISBN (International Standard Book Number) প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত অনলাইন ISBN নির্দেশিকা জারি করা হলো :

ক. ISBN রেজিস্ট্রেশন

১. পুস্তকের ISBN পেতে হলে সর্বপ্রথম www.nanl.gov.bd তে গিয়ে ISBN সেবাবক্সে অথবা isbn.teletalk.com.bd এ প্রবেশ করে রেজিস্ট্রেশন করতে হবে।
২. প্রকাশকগণ Publisher Registration অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি যেমন- হালনাগাদ ট্রেড লাইসেন্স(৬০০×৮৫০ পিক্সেল), জাতীয় পরিচয়পত্র(NID) (সর্বোচ্চ ৬০০×৮৫০ পিক্সেল), স্বত্বাধিকারীর ছবি (সর্বোচ্চ ৩০০×৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০×৩০০পিক্সেল) প্রভৃতি স্ক্যান করে আপলোড করতে হবে।
৩. কেবল পুস্তক প্রকাশনার ট্রেড লাইসেন্স দিয়ে Publisher Registration করা যাবে। বই বিক্রেতা বা অন্য কোনো ব্যবসায়িক ট্রেড লাইসেন্স দিয়ে ISBN এর জন্য রেজিস্ট্রেশন করা যাবে না।
৪. লেখকগণ Author Registration অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি যেমন- জাতীয় পরিচয়পত্র (NID) (সর্বোচ্চ ৬০০×৮৫০ পিক্সেল), লেখকের ছবি (সর্বোচ্চ ৩০০×৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০×৩০০পিক্সেল) প্রভৃতি স্ক্যান করে করে আপলোড করতে হবে।
৫. প্রাপ্ত রেজিস্ট্রেশন পেজ ডাউনলোড করে সংরক্ষণ করবেন।

খ. ISBN এর জন্য আবেদন

১. ISBN বরাদ্দ পাওয়ার জন্য Application for ISBN অপশনে গিয়ে Login করতে হবে।
২. ISBN Application Form এ পুস্তক সম্পর্কিত তথ্যাদি যেমন- পুস্তকের শিরোনাম, লেখকের নাম (প্রযোজ্য ক্ষেত্রে সম্পাদক/অনুবাদকের নাম), মূল্য, ভাষা, সাইজ, প্রকাশের তারিখ, বিষয় প্রভৃতি দিয়ে Submit করতে হবে এবং বর্ণিত স্টেটমেন্টের অপশনে ক্লিক করে Confirm করতে হবে।
৩. লেখক কেবল তার লেখা এবং সম্পাদিত পুস্তকের জন্য আবেদন করতে পারবেন। অন্য কারো পুস্তকের জন্য তার রেজিস্ট্রেশন করা ID থেকে ISBN এর জন্য আবেদন করতে পারবেন না।
৪. জার্নাল, ম্যাগাজিন, সাময়িকী, বার্ষিক প্রতিবেদন, সংবাদপত্র অর্থাৎ যে সকল প্রকাশনা প্রতিদিন, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক এমন কি বার্ষিকভিত্তিতে প্রকাশিত হয়; সে সকল প্রকাশনার ISBN প্রদান করা হয় না।
৫. বাংলায় তথ্য প্রদানের জন্য ইউনিকোড ব্যবহার করতে হবে।

গ. ISBN ফি ও পরিশোধ পদ্ধতি

- প্রতিটি পুস্তকের ISBN ফি সরকার নির্ধারিত ৫০/- (পঞ্চাশ) টাকা। সার্ভিস চার্জ হিসেবে অতিরিক্ত ৬/- টাকা যুক্ত হবে। ফলে মোট ৫৬ টাকা পরিশোধ করতে হবে।
- ISBN ফি ১৬২২২ নম্বরে বর্ণিত নির্দেশনা মোতাবেক টেলিটক অপারেটরের মাধ্যমে পরিশোধ করতে হবে।

ঘ. ISBN অনুমোদন পদ্ধতি

অনলাইনে ISBN এর অনুমোদন প্রক্রিয়ায় নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনা করতে হবে:

- পুস্তক প্রকাশনার ট্রেড লাইসেন্স আপলোড করা হয়েছে কিনা।
- লেখক তার ID থেকে অন্য লেখকের পুস্তকের জন্য আবেদন করছেন কিনা।
- পুস্তক ব্যতীত নিয়মিতভাবে প্রকাশিত প্রকাশনার জন্য আবেদন করছেন কিনা।
- পুস্তকের শিরোনাম বা বিষয় কুরূচিপূর্ণ কিনা।

ঙ. ISBN প্রাপ্তির সময়সীমা

অনলাইনে ISBN এর আবেদন জমা ও ফি প্রদানের ২৪ ঘণ্টার (সরকারি ছুটির দিন ব্যতীত) মধ্যে ISBN প্রদান করা হবে।


চ. ISBN প্রাপ্তি

লেখক ও প্রকাশকগণ রেজিস্ট্রেশনের সময় প্রাপ্ত User ID দিয়ে লগইন করে ড্যাশবোর্ড হতে ISBN ডাউনলোড করতে পারবেন।

ছ. যোগাযোগ

- মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। ফোন: ৪৮১১৭৬৯৫, ই-মেইল: dg@nanl.gov.bd
- ISBN সংশ্লিষ্ট কর্মকর্তা: মোঃ জামাল উদ্দিন, চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক(চলতি দায়িত্ব), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। ফোন: ৪৮১১৪৩৩১, মোবাইল: ০১৫৩১২৬৯৭০২, ই-মেইল: jamal_nlbd@yahoo.com

জ. এই নির্দেশিকা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।



২১-১০-২০২০

ফরিদ আহমদ ভূঁইয়া

মহাপরিচালক

ফোন: ০২-৪৮১১৭৬৯৫

ফ্যাক্স: ০২-৫৮১৫৩৬৭১

ইমেইল: dg@nanl.gov.bd

নম্বর: ৪৩.২৫.০০০০.০০৬.০২.০০২.১৮.২৫/১(১৪)

তারিখ: ৫ কার্তিক ১৪২৭
২১ অক্টোবর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- পরিচালক, পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

৪) জনাব মোঃ জামাল উদ্দিন, চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (উক্ত নির্দেশিকা মোতাবেক অনলাইনে ISBN অনুমোদন দিবেন)।

৫) সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

৬) সাটমুদ্রাঙ্করিক কাম কম্পিউটার অপারেটর (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর



২১-১০-২০২০

ফরিদ আহমদ ভূঁইয়া

মহাপরিচালক